Certificate in Language Examination 2022

Bengali

Paper - I

Time : 3 hours Full Marks : 80

১. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

ক. নীচের ক্রিয়াপদগুলির মধ্যে যে-কোনো একটি ক্রিয়াপদের ঘটমান অতীত ও ঘটমান ভবিষ্যৎ কালের রূপ লেখো : ৪

I. পড়া ii. লেখা iii. দেখা

খ. রেখাঙ্কিত পদগুলির কোনটি কোন কারক লেখো (যে-কোনো চারটি) ৪

i. জলে মাছ ভাসছে। ii. গাছ থেকে নারকেল পড়ল। iii. ঝরণা কলম দিয়ে লেখো।

iv. ভিক্ষুককে ভিক্ষা দাও। v. এই মেঘে বৃষ্টি হবে। iv. কৌশিক বই পড়ছে।

গ. বচন পরিবর্তন করো (যে-কোনো চারটি) ৪

i. সে ii. গাছ iii. দল iv. তারা v. ছড়া vi. গোরু

ঘ. সংখ্যাগুলি কথায় লেখো। ৪

i. ১৯ ii. ৩৭ iii, ৫৯ iv. ৭৮ v. ৯৯ vi. ৩১

২. ক. নিম্নলিখিত শব্দগুলি দিয়ে বাক্যরচনা করো (যে-কোনো চারটি) ৪X২=৮

i. অবশেষ ii. উচিত iii. নব্বই iv. সুন্দর v. কবিতা vi. বসন্ত

খ. নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ করে লেখো (যে-কোনো চারটি) ৪X২-৮

i. আমি আজ স্কুলে যাবে না। ii. রবি তার দাদাকে সঙ্গে যাচ্ছে। iii. কবিতা এখন গান করব।

iv. সে এখন ভাত খান। v. আমরা বিদ্যালয়ে যায়। vi. তিনি শিক্ষকতা করে।

৩. যে-কোনো একটি বিষয়ে তোমার বন্ধুকে চিঠি লেখো। ১৬

ক. শান্তিনিকেতনের প্রাকৃতিক পরিবেশ।

খ. তোমার বাংলা শিখতে কেমন লাগছে।

গ. রবীন্দ্রনাথের নাটকের যে-কোনো একটি চরিত্র।

ঘ. পৌষ উৎসব।

৪. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও। ৪X৪=১৬

হালের কাছে আবদুল মাঝি, ছুঁচলো তার দাড়ি, গোঁফ তার কামানো, মাথা তার নেড়া। তাকে চিনি, সে দাদাকে এনে দিত পদ্মা থেকে ইলিশমাছ আর কচ্ছপের ডিম।

সে আমার কাছে গল্প করেছিল— একদিন চত্তির মাসের শেষে ডিঙিতে মাছ ধরতে গিয়েছে, হঠাৎ এল কালবৈশাখী। ভীষণ তুফান, নৌকা ডোবে ডোবে। আবদুল দাঁতে রশি কামড়ে ধরে ঝাঁপিয়ে পড়ল জলে, সাঁৎরে উঠল চরে, কাছি ধরে টেনে তুলল তার ডিঙি। গল্পটা এত শিগ্‌গির শেষ হল, আমার পছন্দ হল না। নৌকোটা ডুবল না, অমনিই বেঁচে গেল, এ তো গপ্‌পই নয়। বারবার বলতে লাগলুম 'তার পর'?

সে বললে, 'তার পর সে এক কাণ্ড। দেখি, এক নেকড়ে বাঘ। ইয়া তার গোঁফজোড়া। ঝড়ের সময়ে সে উঠেছিল ও পারে গঞ্জের ঘাটের পাকুর গাছে। দমকা হাওয়া যেমনি লাগল গাছ পড়ল ভেঙে পদ্মায়। বাঘ ভায়া ভেসে যায় জলের তোড়ে। খাবি খেতে খেতে উঠল এসে চরে। তাকে দেখেই আমার রশিতে লাগালুম ফাঁস। জানোয়ারটা এত্তো বড়ো চোখ পাকিয়ে দাঁড়াল আমার সামনে। সাঁতার কেটে তার জমে উঠেছে খিদে। আমাকে দেখে তার লাল-টকটকে জিভ দিয়ে নাল ঝরতে লাগল। বাইরে ভিতরে অনেক মানুষের সঙ্গে তার চেনাশোনা হয়ে গেছে, কিন্তু আবদুলকে সে চেনে না। আমি ডাক দিলুম 'আও বাচ্ছা'। সে সামনের দু পা তুলে উঠতেই দিলুম তার গলায় ফাঁস আটকিয়ে, ছাড়াবার জন্যে যতই ছটফট করে ততই ফাঁস এঁটে গিয়ে তার জিভ বেরিয়ে পড়ে।'

i. আবদুল মাঝি কে? তার চেহারার বর্ণনা দাও।

ii. আবদুল মাঝির প্রথম গল্পটি লেখকের পছন্দ হয়নি কেন?

iii. বাঘটি আবদুল মাঝির সামনে কীভাবে এলো?

iv. আবদুল কীভাবে বাঘকে জব্দ করেছিল?

**৫. নীচে লেখা দুটি পদ্যাংশের মধ্যে যে-কোনো একটির সারাংশ লেখো : ১৬**

i. আমি তো বেশ ভাবতে পারি মনে
সুয্যি ডুবে গেছে মাঠের শেষে,
বাগ্‌দি-বুড়ি চুবড়ি ভরে নিয়ে
শাক তুলেছে পুকুর-ধারে এসে।
আঁধার হল মাদার-গাছের তলা,
কালি হয়ে এল দিঘির জল,
হাটের থেকে সবাই এল ফিরে,
মাঠের থেকে এল চাষির দল।
মনে কর্‌-না উঠল সাঁঝের তারা,
মনে কর্‌-না সন্ধে হল যেন।
রাতের বেলা দুপুর যদি হয়
দুপুর বেলা রাত হবে না কেন

ii. ভদ্র মোরা, শান্ত বড়ো,
পোষ-মানা এ প্রাণ
বোতাম-আঁটা জামার নীচে
শান্তিতে শয়ান।
দেখা হলেই মিষ্ট অতি
মুখের ভাব শিষ্ট অতি,
অলস দেহ ক্লিষ্টগতি–
গৃহের প্রতি টান।
তৈল-ঢালা স্নিগ্ধ তনু
নিদ্রারসে ভরা,
মাথায় ছোটো বহরে বড়ো
বাঙালি সন্তান।